

এমপিওর দাবিতে কাল থেকে লাগাতার অবস্থান ধর্মঘট

যাযায়ি রিপোর্ট

সরকারের পক্ষ থেকে এমপিওভুক্তির কোনো ঘোষণা না আসায় আগামী ২ সেপ্টেম্বর রোববার থেকে লাগাতার অবস্থান ধর্মঘটের ঘোষণা দিয়েছেন নন-এমপিও শিক্ষকরা। রোববার সকাল ১১টা থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে এ ধর্মঘট শুরু করবে বলে জানিয়েছেন তারা।

গুচবার সকালে জেপথানা রোডে কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেয় বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদ। সংবাদ সম্মেলনে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মো. হানিফউল্লাহ বলেন, বর্তমান সরকারের ২০১০ সালে জারি করা নীতিমাল্যার সব শর্ত পূরণ করা সত্ত্বেও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এমপিওর ব্যাপারে কোনো ব্যবস্থা নেয়া হয়নি।

তিনি জানান, নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের পক্ষে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী পরিষদ সর্বশেষ ২৮ আগস্ট প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ২৪ ঘণ্টার মধ্যে মন্ত্রিরপ্রাপ্ত নন-এমপিও সব শিক্ষা প্রতিষ্ঠানকে

এমপিওভুক্তির ঘোষণার দাবি জানানো হয়েছিল। হানিফউল্লাহ বলেন, কিন্তু ৪৮ ঘণ্টা অতিবাহিত হয়ে গেলেও সরকারের পক্ষ থেকে কোনো প্রতিশ্রুতি না আসায় পূর্ব ঘোষণা অনুযায়ী, আগামী ২ সেপ্টেম্বর জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১টা থেকে লাগাতার অবস্থান ধর্মঘট করবেন শিক্ষকরা। এমপিওর দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে ঘোষণা দিয়েছে সংগঠনটি। সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মো. হানিফউল্লাহ আরো বলেন, স্বীকৃতি মন্ত্রিরপ্রাপ্ত নন-এমপিও সব নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, মড্রাসা, কলেজ, কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট, ব্যবসায় ব্যবস্থাপনা, কলেজ, ভোকেশনালসহ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা দীর্ঘদিন ধরে বেতন-ভাতা না থাকায় মানবেতর জীবনযাপন করছেন। তিনি অভিযোগ করে বলেন, অনেক শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতির মেয়াদ ২২-২৩ বছর হয়ে গেলেও এমপিওভুক্ত হয়নি। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন- অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, অধ্যক্ষ সাইয়েদ আহমেদ, রফিকুল ইসলাম জাহিদ, মহিউদ্দিন আহমেদ প্রমুখ।